গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অডিট অধিশাখা
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয়: ফেব্রুয়ারি ২০২৪ মাসের অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তসলিমা কানিজ নাহিদা<br>অতিরিক্ত সচিব (অডিট) |
| সভার তারিখ | : | ২০ মার্চ ২০২৪ |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং: ৭০৮-৭১০) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পূর্ববর্তী জানুয়ারি ২০২৪ মাসের অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী এ কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভাপতি মার্চ ২০২৪ মাসের সভার কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব (অডিট)'কে আহবান জানান।

২। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১ | **মাসিক তথ্য প্রেরণ সংক্রান্ত** | (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি সকল দপ্তর/সংস্থা হতে যথাসময়ে পাওয়া গেছে।<br><br>(খ) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বস্ত্র অধিদপ্তর, বিজেএমসি, বাংলাদেশ তাঁত বোর্ড হতে অগ্রিম অনুচ্ছেদের ওপর পুন: ব্রডশিট জবাব এবং বিজেএমসি হতে সংকলনভুক্ত অডিট আপত্তির পুন: ব্রডশিট জবাব পাওয়া গেছে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে তথ্যাদি প্রতিমাসের ০১ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রেরণ করতে হবে।<br><br>(খ) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং পুন: ব্রডশিট জবাব/ব্রডশিট জবাব, সংকলনভুক্ত অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রতিমাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। জবাব প্রেরণে ব্যর্থ হলে নির্ধারিত সময়ের মধ্যে তার কারণ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) ও উপসচিব (অডিট) এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | | (গ) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আপত্তিকৃত ০৮টি অনুচ্ছেদের ওপর ব্রডশিট জবাব বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করা হয়েছে। ০৮টি অনুচ্ছেদের মধ্যে ০৬ নং অনুচ্ছেদে জড়িত ৯২,৮০০ (বিরানব্বই হাজার আটশত) টাকার সংশ্লিষ্ট বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০২(দুই) জন কর্মকর্তা ও ১৫(পনেরো) জন কর্মচারী মোট ১৭(সতেরো) জন যার যার অংশের টাকা চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, রমনা করপোরেট শাখায় সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন। এক্ষেত্রে উপসচিব (অডিট) জনাব মোঃ আলমগীর হোসেন বিশেষ ভূমিকা রাখেন। | (গ) সভায় সর্বসম্মতিক্রমে উপসচিব (অডিট) জনাব মোঃ আলমগীর হোসেনকে বিশেষ ভূমিকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপসচিব (অডিট) বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | | (ঘ) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের গত ০৩-০৩-২০২৪ তারিখে জারীকৃত পত্রের ওপর পাট অধিদপ্তর হতে প্রমানক সংযুক্ত করা হয় নাই। দ্রুত প্রমানকসমূহ পাট অধিদপ্তরকে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা | (ঘ) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জারীকৃত গত ০৩-০৩-২০২৪ তারিখে পত্রের ওপর প্রমানকসমূহ আগামী ২৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, পাট অধিদপ্তর এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়।<br>(ঙ) বিজেএমসির আপত্তির সংখ্যার পরিমান বেশি হওয়ায় প্রতিমাসে নিয়মিত বিজেএমসি হতে পুন: ব্রডশিট জবাব প্রেরণ এবং বিজেসি হতে প্রতিমাসে নিয়মিত পুন: ব্রডশিট জবাব প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ঙ) প্রতিমাসে বিজেএমসি এবং বিজেসি হতে অডিট আপত্তির উপর পুন: ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। | বিজেএমসি, বিজেসি এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২.২ | **দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান** | (ক) ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বিজেএমসির ৩১টি অনুচ্ছেদের ওপর জনাব মোঃ আলমগীর হোসেন উপসচিব (অডিট) এর সভাপতিত্বে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি দপ্তর/সংস্থাকে প্রতিমাসে কমপক্ষে ০১টি করে দ্বিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। দ্বিপক্ষীয় সভা আয়োজন করা সম্ভব না হলে Non SIF আপত্তির ব্রডশিট/পুন: ব্রডশিট জবাব বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি এবং আদমজী সন্স এর Non-SIF অনুচ্ছেদের জবাব বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে তারা জানান। | (ক) প্রতিটি দপ্তর/সংস্থাকে প্রতিমাসে কমপক্ষে ০১টি করে দ্বিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। দ্বিপক্ষীয় সভা আয়োজন করা সম্ভব না হলে Non-SIF আপত্তির ব্রডশিট/পুন: ব্রডশিট জবাব বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সকল দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | (খ) বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে এপ্রিল ২০২৪ মাসের মধ্যে বিজেএমসি ০২টি ত্রিপক্ষীয় অডিট সভার পাশাপাশি দ্বিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (খ) বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে এপ্রিল ২০২৪ মাসের মধ্যে বিজেএমসির ০২টি ত্রিপক্ষীয় সভা করতে হবে এবং পাশাপাশি দ্বিপক্ষীয় সভা আয়োজন করতে হবে। | বাণিজ্যিক অডিট অধিদপ্তর ও উপসচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বিজেএমসির ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | (গ) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আপত্তিসমূহের ওপর ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তিসমূহের প্রয়োজনীয় প্রমাণক দাখিল না করায় আপত্তি নিস্পত্তি হচ্ছে না। সেক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণক উপস্থাপন করা হলে অডিট আপত্তি নিস্পত্তি হবে মর্মে সভায় আলোচনা হয়। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী বিজেসি হতে কার্যপত্র প্রেরণ করা হয়নি। | (গ) ত্রিপক্ষীয় অডিট সভার কার্যপত্রে বর্ণিত অনুচ্ছেদওয়ারী প্রয়োজনীয় প্রমাণক অবশ্যই সংযুক্ত করতে হবে ও ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এর প্রতিনিধি কার্যপত্রে (প্রমাণকসহ) উল্লিখিত অনুচ্ছেদের বিষয়ে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে আলোচনা করতে হবে এবং আলোচনা পরবর্তীতে কোন প্রমাণক সংকট থাকলে তা সংগ্রহপূর্বক ত্রিপক্ষীয় সভায় উপস্থাপন করতে হবে। | বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সকল দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | (ঘ) এপ্রিল ২০২৪ মাসের মধ্যে বিজেসি, বস্ত্র অধিদপ্তর এবং বিটিএমসি হতে কার্যপত্র প্রেরণ করার জন্য সভায় আলোচনা হয়। | (ঘ) বিজেসি, বস্ত্র অধিদপ্তর এবং বিটিএমসি হতে এপ্রিল ২০২৪ মাসের মধ্যে কার্যপত্র প্রেরণ করতে হবে। | বিজেসি, বস্ত্র অধিদপ্তর এবং বিটিএমসি এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

## ২.৩ বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার ফেব্রুয়ারি ২০২৩ মাসের অডিট সংক্রান্ত তথ্যাদি:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | পূর্ববর্তী (জানুয়ারি) মাসের অডিট আপত্তির জের | গত মাস হতে চলতি মাস পর্যন্ত আগত আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ | | | | ব্রডশিট জবাব প্রেরণের সংখ্যা (ফেব্রুয়ারি ২০২৪) | নিষ্পত্তিকৃত আপত্তি (ফেব্রুয়ারি ২০২৩) | | ফেব্রুয়ারি ২০২৪ মাসে নিষ্পত্তির পর সর্বশেষ অগ্রগতি ও জড়িত টাকার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আগত আপত্তির সংখ্যা | আগত আপত্তির জড়িত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | চলতি মাস পর্যন্ত মোট আপত্তি সংখ্যা | সর্বমোট জড়িত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | সাধারণ | অগ্রিম | সংকলন | অডিট আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) |
| বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ২৮ | ০ | ০ | ২৮ | ১২২৫.১৩ | ১ | ০ | ০ | - | - | - | ২৮ | ১২২৫.১৩ |
| পাট অধিদপ্তর | ৪২ | ০ | ০ | ৪২ | ১১১ ৯.৭৬ | ০ | ০ | ০ | ২৩ | ১৯ | ০ | ৪২ | ১১১৭৯.৭৬ |
| বস্ত্র অধিদপ্তর | ১৩৭ | ০ | ০ | ১৩৭ | ২৬৭৫৪.৪২ | ২ | ২ | ৮.৭০ | ৭২ | ৬৩ | ০ | ১৩৫ | ২৬৭৪৫.৭২ |
| বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি) | ২৮৯২ | ০ | ০ | ২৮৯২ | ৮৮০২৫২.৫১ | ৫ | ৫ | ৩৪.১৯ | ৬৭৯ | ২০৩০ | ১৭৮ | ২৮৮৭ | ৮৮০২১৮.৩২ |
| বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন (বিটিএমসি) | ৮২১ | ০ | ০ | ৮২১ | ২৫৮৯১৭.৮১ | ০ | ০ | ০ | ৬২ | ৭৩৩ | ২৬ | ৮২১ | ২৫৮৯১৭.৮১ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১৪৪ | ০ | ০ | ১৪৪ | ২৩০৩.৮৭ | ০ | ০ | ০ | ১৭ | ১২২ | ৫ | ১৪৪ | ২৩০৩.৮৭ |
| বাংলাদেশ তাঁত বোর্ড | ৯৬ | ০ | ০ | ৯৬ | ৪৬৮৪১.৮৬ | ০ | ০ | ০ | ৩৪ | ৫৯ | ০৩ | ৯৬ | ৪৬৮৪১.৮৬ |
| বাংলাদেশ জুট কর্পোরেশন (বিজেসি) | ১৫২ | ০ | ০ | ১৫২ | ৮২৩৯০.৯৭ | ১০ | ০ | ০ | ১২ | ১৩৪ | ৬ | ১৫২ | ৮২৩৯০.৯৭ |
| আদমজী সন্স লিঃ | ৯০ | ০ | ০ | ৯০ | ৬২৭৭.৬৮ | ০ | ০ | ০ | ২৮ | ৬১ | ১ | ৯০ | ৬২৭৭.৬৮ |
| **সর্বমোট-** | **৪৪০২** | **০** | **০** | **৪৪০২** | **১৩১৬১৪৪.০১** | **১৮** | **৭** | **৪২.৮৯** | **৯২৭** | **৩২২১** | **২১৯** | **৪৩৯৫** | **১৩১৬১০১.১২** |

ছকটি পর্যালোচনান্তে দেখা যায়, জানুয়ারি ২০২৪ মাসে অডিট আপত্তির সংখ্যা ছিল ৪৪০২টি। তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে ০৭টি। ফেব্রুয়ারি ২০২৪ মাসের অডিট আপত্তির সংখ্যা মোট ৪৩৯৫টি। জড়িত টাকার পরিমান- ১৩১৬১০১.১২ লক্ষ টাকা।

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৪ | ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত | যে সকল দপ্তর/সংস্থার নিকট কার্যবিবরণী পেন্ডিং রয়েছে, তা দ্রুত প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | যে সকল দপ্তর/সংস্থার কার্যবিবরণী প্রেরণে পেন্ডিং রয়েছে তা এপ্রিল ২০২৪ মাসের মধ্যে প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্হা প্রধান (সকল)/ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |
| ২.৫ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০১৭-১৮ থেকে ২০২০-২১ অর্থবছরের অডিট সংক্রান্ত | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ থেকে ২০২০-২১ অর্থবছরের অডিট আপত্তিরসমূহের ওপর পর্যালোচনা করা হয়েছে। কিন্তু উক্ত আপত্তিসমূহের ওপর পুন. ব্রডশিট জবাব প্রেরণ করা হয়নি। প্রতিদিন ০১টি করে পুন. ব্রডশিট জবাব AMMS-2.0 সফটওয়্যারে আপলোডের মাধ্যমে (প্রয়োজনে অডিট শাখা জবাব প্রদানের ক্ষেত্রে সহযোগিতা প্রদান করবে) প্রেরণের জন্য সভায় আলোচনা হয়। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০১৭-১৮ থেকে ২০২০-২১ অর্থবছরের অডিট আপত্তিরসমূহের পুন. ব্রডশিট জবাব প্রতিদিন ০১টি করে AMMS-2.0 সফটওয়্যারে আপলোডের মাধ্যমে (প্রয়োজনে জবাব প্রদানের ক্ষেত্রে অডিট শাখা সহযোগিতা প্রদান করবে) হার্ডকপি প্রেরণ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), হিসাব রক্ষণ কর্মকর্তা ও অডিট শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| ২.৬ | Audit Management & Monitoring System 2.0 (AMMS-2.0) সংক্রান্ত | (ক) গত ০১/০৫/২০২৩ তারিখ হতে Audit Management & Monitoring System 2.0 (AMMS-2.0) সফটওয়্যারের মাধ্যমে অডিট আপত্তির জবাব প্রদানে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তির সকল জবাব AMMS-2.0 | (ক) বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ০১/০৫/২০২৩ তারিখ হতে Audit Management & Monitoring System 2.0 (AMMS-2.0) সফটওয়্যারের মাধ্যমে সকল অডিট আপত্তির ব্রডশিট জবাব/পুন. ব্রডশিট জবাব AMMS-2.0 | উপসচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) যে সকল দপ্তর/সংস্থার AMMS-2.0 সফটওয়্যারে বর্ণিত আপত্তিসমূহ Reconciliation সম্পন্ন করা হয়নি, সে সকল দপ্তর/সংস্থাকে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ করে এপ্রিল ২০২৪ মাসের মধ্যে Reconciliation সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করবেন। | (খ) যে সকল দপ্তর/সংস্থার AMMS-2.0 সফটওয়্যারে বর্ণিত আপত্তিসমূহ Reconciliation সম্পন্ন হয়নি, সে সকল দপ্তর/সংস্থাকে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ করে এপ্রিল ২০২৪ মাসের মধ্যে Reconciliation সম্পন্ন করতে হবে। | |
| | | (গ) পরবর্তী মাসিক অডিট সভা হতে AMMS-2.0 সফটওয়্যারে আপলোডকৃত দপ্তর/সংস্থার ব্রডশিট জবাব/পুন: ব্রডশিট জবাব উপস্থাপন করতে হবে। | (গ) পরবর্তী মাসিক অডিট সভা হতে AMMS-2.0 সফটওয়্যারে আপলোডকৃত দপ্তর/সংস্থার ব্রডশিট জবাব/পুন: ব্রডশিট জবাব উপস্থাপন করতে হবে। | অডিট শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | | (ঘ) AMMS-2.0 ব্যবহারে লগইন করার জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত ইউজার আইডিতে আদমজী সন্স লি. এবং বাংলাদেশ জুট কর্পোরেশন (বিলুপ্ত)-এর লগইন ইউজার আইডি প্রদান করা হয়নি। মার্চ ২০২৪ মাসের মধ্যে আদমজী সন্স লি. এবং বাংলাদেশ জুট কর্পোরেশন (বিলুপ্ত)'কে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে সংশোধন ও সংযোজনের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। | (ঘ) AMMS-2.0 ব্যবহারে লগইন করার জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত ইউজার আইডিতে আদমজী সন্স লি. ও বাংলাদেশ জুট কর্পোরেশন (বিলুপ্ত)-এর লগইন ইউজার আইডি প্রদানের জন্য মার্চ ২০২৪ মাসের মধ্যে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজেসি ও আদমজী সন্স লি.-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২.৭ | অডিট আপত্তিসমূহের তথ্যাদি ওয়েবসাইটে আপলোডকরণ | মাসিক অডিট সভায় অডিট আপত্তিসমূহের সর্বশেষ তথ্যাদি প্রতিমাসে নিয়মিত ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়। | মাসিক অডিট সভায় অডিট আপত্তিসমূহের সর্বশেষ তথ্যাদি প্রতিমাসে নিয়মিত ওয়েবসাইটে আপলোড করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |
| ২.৮ | বিবিধ | (ক) অডিট সংক্রান্ত কর্মশালা আয়োজনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। | (ক) অডিট সংক্রান্ত কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসচিব (অডিট) বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | | (খ) মাসিক অডিট সভায় বাণিজ্যিক অডিট অধিদপ্তরের একজন প্রতিনিধি প্রেরণের জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ স্থাপন করতে হবে। | (খ) মাসিক অডিট সভায় একজন প্রতিনিধি অংশগ্রহণের জন্য যোগাযোগ রাখতে হবে। | বাণিজ্যিক অডিট অধিদপ্তর এবং উপসচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | | (গ) বিজেএমসির শ্রমিক সংশ্লিষ্ট বাছাইকৃত ৩০২টি অডিট আপত্তির মধ্যে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নিকট প্রেরিত ২০টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিজেএমসি বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন এবং অবশিষ্ট আপত্তিসমূহের ওপর ব্রডশিট জবাব প্রস্তুত করা হয়ে থাকলে (তদন্ত প্রতিবেদনসহ) তা মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে আলোকপাত করা হয়। | (গ) বিজেএমসির শ্রমিক সংশ্লিষ্ট ৩০২টি অডিট আপত্তির মধ্যে ২০টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন করতে হবে এবং অবশিষ্ট আপত্তিসমূহের উপর ব্রডশিট জবাব প্রস্তুত করা হয়ে থাকলে (তদন্ত প্রতিবেদনসহ) তা ২১/০৪/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | বিজেএমসির ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | (ঘ) বিটিএমসির নিয়ন্ত্রণাধীন হস্তান্তরিত মিলসমূহের ওপর অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নিকট পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ঘ) বিটিএমসির নিয়ন্ত্রণাধীন হস্তান্তরিত মিলসমূহের ওপর অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নিকট পত্র প্রেরণ করতে হবে। | বিটিএমসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং উপসচিব (অডিট) |

৩.	সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৫/০৩/২০২৪
তসলিমা কানিজ নাহিদা
অতিরিক্ত সচিব (অডিট)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১১৩.০১.১৮১.২৩-৬৪

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, মতিঝিল, বা/এ, ঢাকা
২) চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন, কাওরান বাজার, ঢাকা
৩) চেয়ারম্যান, বিজেসি, মতিঝিল বা/এ, ঢাকা
৪) চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন , কারওয়ান বাজার, ঢাকা
৫) মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা
৬) মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৭) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
৮) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
৯) উপপ্রশাসক, আদমজী সন্স, ৪র্থ তলা, ১১৫-১২০, মতিঝিল, বা/এ, ঢাকা
১০) উপসচিব, পাট-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১১) উপসচিব, পাট-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১২) উপসচিব, পাট-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৩) উপসচিব, বস্ত্র-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪) উপসচিব, বস্ত্র-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৫) উপসচিব, প্রশাসন অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৬) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
১৭) সিনিয়র সহকারী সচিব, বস্ত্র -২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৮) উপ পরিচালক (অর্থ), বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
১৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
২০) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও বাজেট শাখা, পাট অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
২১) ব্যবস্থাপক (অর্থ) বিজেএমসি, মতিঝিল, বা/এ, ঢাকা
২২) সহকারী প্রধান নিরীক্ষক, নিরীক্ষা ও পরিদর্শন শাখা, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
২৩) সহকারী প্রধান, অডিট শাখা, বাংলাদেশ তাঁত বোর্ড, কাওরান বাজার, ঢাকা
২৪) নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
২৫) সহঃ ব্যবস্থাপক, হিসাব, আদমজী সন্স লিঃ, মতিঝিল বা/এ, ঢাকা
২৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজেসি, মতিঝিল, ঢাকা

মোঃ আলমগীর হোসেন
উপসচিব
ফোন: ২২৩৩৫০০০৭
ইমেইল: motj.audit@gmail.com

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১১৩.০১.১৮১.২৩-৬৪

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

২) সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)

৪) অতিরিক্ত সচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, অডিট অনুবিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭/০৩/২০২৪

মোঃ আলমগীর হোসেন
উপসচিব